দৈনিক
ইত্তেফাক

তারিখ · 2·3 · FEB · 2016 ···
পৃষ্ঠা ··৭·· কলাম ··৭·· ······

# কুমিল্লায় ভাষা দিবসে প্রতিযোগিতায় পুরস্কার পেল ২৫ শিক্ষার্থী

■ কুমিল্লা প্রতিনিধি

কুমিল্লায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বিভিন্ন ইভেন্টে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে পুরস্কার পেয়েছে ২৫ জন শিক্ষার্থী। জেলা পুলিশের আয়োজনে রবিবার দুপুরে নগরীর পুলিশ লাইন উচ্চ বিদ্যালয়ে বিতর্ক, চিত্রাঙ্কন, রচনা, সুন্দর হাতের লেখা ও শ্রেষ্ঠ বক্তাসহ বিভিন্ন ইভেন্টে বিজয়ীদের মাঝে এ পুরস্কার বিতরণ করেন অনুষ্ঠানের প্রধান অতিথি কুমিল্লার পুলিশ সুপার মো. শাহ আবিদ হোসেন।

এসময় কুমিল্লার অতিরিক্ত পুলিশ সুপার (উত্তর) মো. আলী আশরাফ ভূঁইয়া, অতিরিক্ত পুলিশ সুপার (দক্ষিণ) মো. আব্দুল্লাহ আল-মামুন, সিনিয়র সহকারী পুলিশ সুপার (সদর) তানভীর সালেহীন ইমনসহ জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

এর আগে ভাষা দিবসের আলোচনা সভায় কুমিল্লার পুলিশ সুপার মো. শাহ আবিদ হোসেন বলেন, ১৯৪৮ সালে পাকিস্তান গণপরিষদে এই কুমিল্লার কৃতী সন্তান শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত রাষ্ট্রভাষা বাংলার প্রথম প্রস্তাব করেছিলেন। ১৯৭১ সালে পাক হানাদার বাহিনী তাঁকে নির্মমভাবে হত্যা করে। এছাড়া এ ভাষার জন্য আন্দোলন করতে গিয়ে অনেককে প্রাণ দিতে হয়েছে। শিক্ষার্থীদের মাঝে দেশপ্রেম ও মাতৃভাষার গুরুত্ব তুলে ধরতে এ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।